

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ২৭, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

(আবগারি শুল্ক ও মূল্য সংযোজন কর)

বিশেষ আদেশ

তারিখ: ১৮ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ/০৩ নভেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: পরিত্র হজ্জ, ২০২৫ পালনের উদ্দেশ্যে সৌনি আরব গমনকারী হজ্জযাত্রীদের বিমান টিকেটের উপর প্রযোজ্য আবগারি শুল্ক এবং এস্বারকেশন ফি (BD), যাত্রী নিরাপত্তা ফি (P7) এবং এয়ারপোর্ট নিরাপত্তা ফি (P8) এর উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান।

নং ৪০/মূসক/২০২৪—যেহেতু, উড়োজাহাজের ভাড়া প্রতিনিয়ত বৃদ্ধির কারণে পরিত্র হজ্জ পালনে ব্যয় বৃদ্ধি পাওয়ায় ধর্মপ্রাণ মুসলিমদের জন্য হজ্জ পালন ব্যবহৃত ও কষ্টসাধ্য হইয়া পড়িয়াছে; এবং

যেহেতু, হজ্জ পালন সংক্রান্ত ব্যয়ের ক্ষেত্রে বিমান টিকেটের ভাড়া একটি গুরুত্বপূর্ণ খাত; এবং

যেহেতু, বিমান টিকেটের উপর প্রযোজ্য আবগারি শুল্ক এবং এস্বারকেশন ফি (BD), যাত্রী নিরাপত্তা ফি (P7) এবং এয়ারপোর্ট নিরাপত্তা ফি (P8) এর উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর হাস বা অব্যাহতি প্রদান করা হইলে ধর্মপ্রাণ মুসলিমগণের হজ্জ পালন ব্যয়সাধৃয়ী ও সহজ হইবে;

সেহেতু, হজ্জ পালনে ব্যয়সাধৃয়ের বৃহত্তর উদ্দেশ্যে সরকারের গৃহীত অগ্রাধিকার নীতির আলোকে Excise and Salt Act, 1944 (Act No. I of 1944), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত এর section 12A(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উক্ত Act এর FIRST SCHEME এর PART-II এর SERVICE এর টেবিলের কলাম (১) এর Service Code E033.00 এর বিপরীতে কলাম (২) এ বর্ণিত সেবার ক্ষেত্রে পরিত্র হজ্জ,

(২৮৫৩৫)

মূল্য : টাকা ৪.০০

২৮৫৩৬

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, নভেম্বর ২৭, ২০২৪

২০২৫ পালনের উদ্দেশ্যে সৌন্দি আরব গমনকারী হজ্জযাত্রীদের বিমান টিকিটের উপর প্রযোজ্য সমুদয় আবগারি শুল্ক এবং পরিব্রহ্ম হজ্জ, ২০২৫ পালনের উদ্দেশ্যে সৌন্দি আরব গমনকারী হজ্জযাত্রীদের ক্ষেত্রে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে এস্বারকেশন ফি (BD), যাত্রী নিরাপত্তা ফি (P7) এবং এয়ারপোর্ট নিরাপত্তা ফি (P8) এর উপর প্রযোজ্য সমুদয় মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
চেয়ারম্যান।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd